

মেধাবী প্রজন্মই জাতির আগামীর যোগ্য কর্ণধার হবে - শিক্ষামন্ত্রী

স্ট্যাক রিপোর্টার : শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, মেধাবী প্রজন্মই জাতির আগামী যোগ্য কর্ণধার হবে। তারা তাদের দানিত মেধা, মনন, দেশপ্রেম ও জাতীয়তাবোধ নিয়ে '৭১-এর মহান মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী জামায়াত-শিবিরের সকল অপভ্রংশেরতা রুখবে। '৭১-এর সেই চেতনায় জাতি আত্ম আবার একত্র হয়েছে। গতকাল (শোমবার) সূর্যনগর মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৩ এর উদ্বোধন উপলক্ষে আয়োজিত রাঙ্গাশী শেখ তিনি একথা বলেন। রাঙ্গাশীটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল থেকে কেন্দ্রীয় লম্বীল মিনারে গিয়ে শেষ হয়। রাঙ্গাশীতে ঢাকা মহানগরীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। এসময় শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনি প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুন, মহানগরীর যুগ্মসচিব এ এস মাহমুদ প্রমুখ বক্তৃতা করেন। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক-ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ সকল অধিদপ্তর, শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রথাগত শিক্ষার পাশাপাশি লহর-গ্রাম প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীদের সূত্র প্রতিভা বিকাশের সুযোগ করে দেয়ার জন্য এ আয়োজন। নতুন প্রজন্মকে এক একজন দক্ষ যোগ্য পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তোলা আমাদের দক্ষ। শিক্ষার্থীদেরকে সূর্যনগর পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তোলার জন্য প্রচলিত ক্লাস-পরীক্ষা, পরটারই পড়া, ভালো ফলাফলের পাশাপাশি সূত্র প্রতিভা বিকাশের দিকে নজর দিতে হবে। তিনি নতুন প্রজন্মের শিক্ষার্থীদেরকে ইনিত করে বলেন, এ প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করবে তারা সকলে মেধাবী ও প্রতিভাবান। তারা সবাই নিজ নিজ প্রতিভার স্বাক্ষর রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উপজেলা, জেলা, বিভাগ প্রতিটি পর্যায়ে ১২ সেবা জনকে মনন ও পুরস্কার দেয়া হবে। জাতীয়ভাবে সেরা ১২ জন প্রত্যেকে পাাবে এক লক্ষ টাকা।

মন্ত্রী বলেন '৭১-এর পরাম্বিত দাতক জামায়াত-শিবির '৭৫ জাতির অনেক বয়সককে মপরিবারে হত্যা করে ইতিহাসের ঢাকা খুরিয়ে দিতে চেয়েছিল। নতুন করে তারা '৭১-এর কাহনায় অবাই করে মানুষ হত্যা, ঘরবাড়ি ছাঙ্গিয়ে দেয়া, মন্দির ধ্বংস করা, নারী নির্গতন, গুম গুরু করেছে। দেশাত্মবোধে জেগে উঠেছে আমাদের নতুন প্রজন্ম। তারা সবাই অহিংস আন্দোলন করছে। বোম্বোদয় না ঘটলে রাজাকার-আলবদর জামায়াত-শিবিরের খাতকরা কেউ পালারবার পথ পাবে না। তিনি শিবিরের নেতাকর্ষীদেরকে জাতির কয়ে ফনা চেড়ে পপথ করে তাদের পূর্বপুরুষদের অপকর্ষ চেড়ে মদ্রপ্রোতে ফিরে আসার আহ্বান জানান।